উপজেলা পরিষদ কার্যালয়
কুতুবদিয়া, কক্সবাজার
www.kutubdia.coxsbazar.gov.bd

"শেখ হাসিনার দর্শন বাংলাদেশের উন্নয়ন"

## কুতুবদিয়া উপজেলা পরিষদের এপ্রিল/২০২২মাসের সাধারণ সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ ফরিদুল ইসলাম চৌধুরী<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুতুবদিয়া কক্সবাজার |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ,কুতুবদিয়া। |
| তারিখ | : | ২৮.০৪.২০২২ খ্রিস্টাব্দ |
| সময় | : | সকাল ১১.০০ টা |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট'ক ও খ'-তে দ্রষ্টব্য। |

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতির অনুমতি ক্রমে পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ নুরের জামান চৌধুরী গত ২৮এপ্রিল/২০২২ তারিখ অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যাবিবরণী পাঠ করে শুনান। বর্ণিত কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় উপস্থিত সকলের সম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

সভার বিস্তারিত অলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ সর্বসম্মতিভাবে গৃহীত হয়।

| ক্রঃনং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | **উপজেলা প্রকৌশলী অফিস:**<br>**ক) আনসার সদস্যদের ব্যারাক ও বঙ্গবন্ধু শেখ মুজিব ম্যুরাল নির্মাণঃ**<br>উপজেলা প্রকৌশলী জানান যে চলতি ২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক উন্নয়ন সহায়তা তহবিল (এডিপি) এর আওতায় গৃহীত স্কীমের অনুকূলে দরপত্র আহবান করা হয়। কিছু দরপত্র আহাবান করার সময় ভূল বশতঃ গৃহীত স্কীম তালিকার লেমশীখালী ইউনিয়নের হাবিব হাজীর (করিম সিকদারপাড়া) রোড এর ডাবল ব্রীক সলিং দ্বারা উন্নয়ন (প্রাক্কলিত মূল্য=২.০০লক্ষ) দরপত্র বিজ্ঞপিতে উল্লেখ করা হয় নি এবং উপজেলা পরিষদের আওতাভূক্ত উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবন ও শারীরিক নিরাপত্তায় নিয়োজিত আনসার সদস্যদের ব্যারাক নির্মাণ এবং উপজেলা পরিষদ চত্বরে "বঙ্গবন্ধু শেখ মুজিব ম্যুরাল নির্মাণ কাজ চলমান রয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং নির্মানাধীন ব্যরাক ও মূর‍্যালের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। | (১-ক) লেমশীখালী ইউনিয়নের হাবিব হাজীর (করিম সিকদারপাড়া) রোড এর ডাবল ব্রীক সলিং দ্বারা উন্নয়ন কাজটি স্থানীয় কোটেশন (RFQ) মাধ্যমে স্কীমের কাজ সম্পন্ন করার জন্য উপজেলা প্রকৌশলী কুতুবদিয়াকে অনুরোধ জানানো হয়।<br>(১-খ) উপজেলা পরিষদের আওতাভূক্ত আনসারদের ব্যারাক এবং নির্মানাধীন মূর‍্যালের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করার বিষয়ে সংশ্লিষ্ট ঠিকাদারকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী এলজিইডি, কুতুবদিয়া |
| | খ) জাইকার অর্থায়নে ৪র্থ পর্যায়ের আওতায় (ক) উত্তর ধুরুং ইউনিয়নের আকবরবলীর ঘাটে পাবলিক টয়লেট নির্মানের কাজ চলমান রয়েছে (খ) কুতুবদিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ডিজিটাল মেশিন ও হেভী ডিউটি জেনারেটর মেশিন সরবরাহের কাজের Evalution এবং যাচাই-বাছাই সম্পন্ন করে কার্যাদেশ প্রদান করা হবে এবং (গ) গাউছিয়া আদর্শ দাখিল মাদ্রাসা উন্নয়ন কাজের অনুকূলে প্রাপ্ত দরপত্রটি ইনফরমাল হওয়ায় পুন দরপত্র আহবান করা হবে মর্মে সভাকে অবহিত করেন। | (২-ক) উত্তর ধুরুং ইউনিয়নের আকবরবলীর ঘাটে পাবলিক টয়লেট নির্মানের কাজ ১০০ভাগ বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়<br>খ) কুতুবদিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ডিজিটাল মেশিন ও হেভী ডিউটি জেনারেটর মেশিন সরবরাহের কাজের Evalution এবং যাচাই-বাছাই সম্পন্ন করে কার্যাদেশ প্রদান এবং (গ) গাউছিয়া আদর্শ .দাখিল মাদ্রাসা উন্নয়ন কাজের পুন দরপত্র আহবান করার ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী এলজিইডি, কুতুবদিয়া |
| ০২ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস:**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভাকে জানান যে, ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তরের অধীনে গ্রামীন অবকাঠামো রাক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচীর আওতায় প্রকল্প প্রকল্প তালিকা জেলা কর্ণাধার কমিটির নিকট হতে অনুমোদন পাওয়া গিয়েছে এবং প্রকল্পের কাজ চলমান রয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | গ্রামীন অবকাঠামো রাক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচীর চলমান প্রকেল্পর কাজ ১০০ ভাগ বাস্তবায়নের বিষয়ে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০৩ | **উপজেলা স্বাস্থ্য ও প:প: অফিস:**<br>উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা জানান, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। অত:পর তিনি এপ্রিল/২০২২ মাসের প্রতিবেদন নিম্নমতে সভায় উপস্থাপন করেন।<br>শিশুটিকা-৩৭৬ এবং অর্জিত হার ১০০%, পেন্টা ১ম ডোজ-৪১১, অর্জনের হার-১১০%, ২য় ডোজ-৩৮৭, অর্জিত হার-১০৩%, ৩য় ডোজ-৪২২, অর্জনের হার-১১৩%, হাম অর্জিত সংখ্যা-৩৯২, হার-১০৫%।<br>তিনি আরো জানান, বহি: বিভাগে পুরুষ-১১৯২জন, মহিলা-১৬৯৮জন, শিশু-১৮৮২জনসহ সর্বমোট রোগী-৪৭৭২জন। এছাড়াও অন্ত বিভাগে মোট রোগী-১৭০৪ জনের মধ্যে পুরুষ-১৮৯জন, মহিলা-৬৫৫জন,শিশু-৮৬০জন রোগী। তিনি বলেন জরুরী বিভাগে চিকিৎসাপ্রাপ্ত রোগীর সংখ্যা-৭২২জন। এর মধ্যে পুরুষ-১৮০জন, মহিলা-২৩২জন,শিশু-৩১০জন। শয্যা ব্যবহারের হার-১১৪% এবং হাসপাতালে মৃত রোগীর সংখ্যা-০১জন। তিনি প্রসবপূর্ব চেকআপ-৩৫০জন, নিরাপদ প্রসব-৪৫টি এবং প্রসব পরবর্তী চেকআপ-১৫২টি মর্মে সভাকে অবহিত করেন।<br>তিনি আরো জানান, কুতুবদিয়া হাসপাতালে মোবাইল সেবা দেয়া হয়েছে-১৯৯জন এবং মাইনর সার্জারী করা হয়েছে-১৮৭ জনকে। তিনি স্বাস্থ্য শিক্ষা কার্যক্রমের মধ্যে হাসপাতালে ৮টি সভা করা হয়েছে ০৮টি সভার মধ্যে পুরুষ-২৭৩জন এবং মহিলা-৩২৩জন অংশগ্রহণ করেছেন মর্মে সভাকে অবহিত করেন।<br>তিনি আরো জানান কমিউনিটি ক্লিনিকে এ পর্যন্ত ৭৬৩২জন রোগীকে সেবা প্রদান করা হয়েছে।। এছাড়াও কোভিট-১৯ সংক্রমন রোধে ১৭/০৫/২০২২ তারিখ পর্যন্ত ১ম ডোজ-৯৪২৯৮জন, ২য় ডোজ-৮৯০৬৩জন এবং ২১৪১জনকে ৩য় ডোজ টিকা প্রদান করা হয়েছে। | ক) কোভিড-১৯ সংক্রমন রোধে টিকা কার্যক্রম সরকারী নির্দেশনা মতে ধারবাহিকভাবে অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়<br>খ) হাসপাতালের চিকিৎসা কার্যক্রম ও সেবার মান বৃদ্ধির বিষয়ে সংশ্লিষ্ট চিকিৎসকদের প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা |
| ৪ | **উপজেলা কৃষি অফিস:**<br>উপজেলা কৃষি কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, ২০২১-২২ মৌসুমে ১৬০০ হেক্টর আবাদি জমি আবাদ হয়েছে। আবাদী জমির ফসল কর্তন শেষ পর্যায়ে আছে মর্মে সভাকে অবহিত করেন। তিনি আরো জানান ফসলী জমির সম্ভাব্য ফলন ৪.৪৬ মেঃটন। গত বছরের তুলনায় এই বছরের ফলন বেশী হয়েছে মর্মে সভাকে জানান। গ্রীষ্ম কালীন ১৭০ হেক্টর জমিতে শাক সব্জীর আবাদ হয়েছে মর্মে তিনি সভঅকে অবহিত করেন। পোকা মাকড় ও রোগ বালাইয়ের আক্রমন সহনশীল পর্যায়ে রয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। এছাড়াও অন্যান্য বিভাগীয় এবং সার ব্যবস্থাপনা কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে মর্মে সভাকে জানান। | জমিতে পোকামাকড়/রোগ বালাই রোধে ও সার ব্যবস্থাপনা এবং জমিতে সেচ কার্যক্রম নিয়মিত মাঠ পর্যায়ে পরিদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ৫ | **উপজেলা মৎস্য অফিস:**<br>উপজেলা মৎস্য কর্মকর্তা সভার কার্যবিবরণীতে জানান যে, তাঁর দপ্তরের কক্ষগুলো সংকীর্ণ কক্ষ। এই ছোট কক্ষগুলিতে কর্মকর্তা/কর্মচারীসহ মোট ১১জন নিয়ে অফিস কার্যক্রম পরিচালনা করতে হয়। ফলে দপ্তরের দৈনন্দিন কার্যক্রম পরিচালনায় সমস্যার সম্মুখীন হতে হয়। তাই তিনি অতিরিক্ত কক্ষ বরাদ্দ প্রদানের বিষয়ে অনুরোধ জানান। | অতিরিক্ত কক্ষ বরাদ্দ প্রদানের বিষয়ে চেয়ারম্যান, উপজেলা পরিষদ বরাবর চাহিদাপত্র প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা |
| ৬ | **উপজেলা প্রাণী সম্পদ অধিদপ্তর**<br>উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা সভায় অংশ নিয়ে জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বভাবিক গতিতে চলমান রয়েছে এবং চিকিৎসার জন্য আনীত গবাদী পশুর চিকিৎসা কার্যক্রম যথাযথভাবে চলমান রয়েছে। | চিকিৎসার জন্য আনীত গবাদী পশুর চিকিৎসা কার্যক্রম ধারবাহিকভাবে অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা |
| ৭ | **উপজেলা সমাজসেবা অফিস:**<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তার প্রতিনিধি সভায় অংশ নিয়ে জানান যে, ২০২১-২০২২ অর্থবছরের ৩য় কিস্তি (জানুয়ারী-২০২২ হতে মার্চ-২০২২) পর্যন্ত বয়স্ক,বিধবা ও প্রতিবন্ধী ভাতাসহ অন্যান্য সকল ভাতা কার্যক্রমের পে-রোল ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে। সকল ভাতাভোগী ঈদ-উল-আযহা এর পূর্বে ভাতাভোগীদের মোবাইল নম্বরে (নগদ) অর্থ জমা হবে। মোবাইল নাম্বারের পিন কোড কাউকে শেয়ার না করার বিষয়ে ভাতাভোগীদের অবহিত করার জন্য সভাপতির মাধ্যমে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের দৃষ্টি আকর্ষন করেন। ভাতাভোগী হওয়ার যোগ্য ব্যক্তিদের অপেক্ষমান তালিকা প্রস্তুতের বিষয়েও তিনি সভাপতির মাধ্যমে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যাদের অনুরোধ জানান। এছাড়া উপজেলা প্রশাসনের মাধ্যমে তিন জন ভিক্ষুক (১) আবু তালেক পিতা-মৃত গোলাম আকবর, ওয়ার্ড নং-০৪ লেমশীখালী (২) নুরুজ জাহান, স্বা- মৃত ছিদ্দিক আহমদ, ওয়ার্ড নং-০৯, কৈয়ারবিল (০৩) রাশেদা বেগম, স্বা-নুরুল ইসলাম ওয়ার্ড নং-০৯, আলী | বিভিন্ন ভাতা কার্যক্রম ১০০% ভাগ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |

CamScanner

<table>
<tr><td></td><td>আকবর ডেইলকে পুনর্বাসনের ব্যবস্থা করা হয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন</td><td></td><td></td></tr>
<tr><td>৮</td><td><u>উপজেলা শিক্ষা অফিস:</u><br>উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, পবিত্র রমজান মাসের বন্ধের পর গত ১২/০৫/২০২২ খ্রিঃ তারিখে শিক্ষা কার্যক্রম পুনরায় চালু হয়েছে। তিনি ০৫টি এবং সহকারী শিক্ষা অফিসার কর্তৃক ১০টি বিদ্যালয় পরিদর্শন করেছেন মর্মে সভাকে অবহিত করেন। এছাড়াও প্রাথমিক বিদ্যালয় পর্যায়ে কৃমি সপ্তাহ পালন করা হয়েছে মর্মে সভাকে জানান। তিনি আরো জানান অবসরপ্রাপ্ত ৪৪জন শিক্ষককে শ্রান্তি বিনোদন অবকাশ ও ভাতা প্রদান করা হয়েছে। তাঁর দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।</td><td>প্রাথমিক বিদ্যালয়ের পাঠদান কার্যক্রম নিয়মিত পরিদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়</td><td>উপজেলা শিক্ষা কর্মকর্তা</td></tr>
<tr><td>৯</td><td><u>উপজেলা পরিবার পরিকল্পনা অফিস:</u><br>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসারের প্রতিনিধি সভায় অংশ নিয়ে মার্চ/২০২২ মাসের দাপ্তরিক কার্যক্রমের অগ্রগতি সভায় নিম্নমতে উপস্থাপন করেন।<br>ক) মোট সক্ষম দম্পতি-২৪৯৭৪জন (খ) মোট পদ্ধতি গ্রহীতা-১৯৭৩৬জন (গ)সিএআর-৭৭.২৯% (ঘ) নিবন্ধিত মোট গর্ভবতীর সংখ্যা-১২৩৬জন (ঙ) পদ্ধতিভিত্তিক জন্ম নিয়ন্ত্রন গ্রহণকারীর মধ্যে (১) খাবার বড়ি-৭৮৭৬জন (২) কনডম-৮৭০৭জন (৩) ইনজেকশন-৬৭২৭জন (৪) আইইউডি-৩৩৭জন এবং চলতি মাসে নতুন গ্রহীতা-২৬জন (৫)ইমপ্লান্ট-২৪২৬জন চলতি মাসে নতুন গ্রহীতা-১৩৭জন (৬) স্থায়ী পদ্ধতি (পুরুষ)-৫৬৪জন চলতিমাসে নতুন গ্রহীতা-৫জন (৭) স্থায়ী পদ্ধতি (মহিলা)-৯৮৬জন চলতিমাসে নতুন গ্রহীতা-০০জন।<br>তিনি আরো জানান, এপ্রিল মাসে সাধারণ-২৮৩২জন রোগীর মধ্যে পুরুষ-১০৩৮জন এবং মহিলা-১৮০০ জনকে সেবা প্রদান করা হয়েছে। এছাড়াও গর্ভকালীন-৯৬০জন, গর্ভোত্তর-২০১জনকে সেবা প্রদান করা হয়েছে এবং নবজাতক জন্মের সংখ্যা ১০৭জনের মধ্যে প্রশিক্ষণ প্রাপ্ত দ্বারা-৬৪ এবং প্রশিক্ষণহীন ৪৩টি।<br>তিনি আরো জানান এপ্রিল মাসে সর্বমোট ২১৮টি শিশুসেবা প্রদান করা হয়েছে এবং ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে স্বাভাবিক প্রসব সংখ্যা-০৫টি মর্মে সভাকে অবহিত করেন।</td><td>ইউনিয়ন পর্যায়ে স্বাস্থ্য সেবা কার্যক্রমের গতি বাড়ানো লক্ষ্যে ইউনিয়ন স্বাস্থ্য কর্মীদের প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদানসহ নিয়মিত পরিদর্শনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার</td></tr>
<tr><td>১০</td><td><u>উপজেলা পল্লী উন্নয়ন অফিস :</u><br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সভায় অংশ নিয়ে চলতিমাসে তাঁর দপ্তরের আওতায় মার্চ/২০২২ মাসের অগ্রগতি প্রতিবেদন নিম্নমতে সভায় উপস্থাপন করেন।
<table>
<tr><th rowspan="2">ক্র:নং</th><th rowspan="2">কার্যক্রম</th><th rowspan="2">বর্ষিক লক্ষ্যমাত্রা</th><th colspan="3">অগ্রগতি</th></tr>
<tr><th>মাসে</th><th>বছরে</th><th>ক্রমবর্ধিত</th></tr>
<tr><td>০১</td><td>সমিতি/দল গঠন</td><td>১০ টি</td><td>--</td><td>০৯ টি</td><td>১৮০টি</td></tr>
<tr><td>০২</td><td>সদস্য ভর্তি</td><td>২৮১ জন</td><td>--</td><td>১৫২জন</td><td>৪০৭৭জন</td></tr>
<tr><td>০৩</td><td>শেয়ার আদায়</td><td>০.৫৬</td><td>০.০১</td><td>০.১৬</td><td>১০.৬৬</td></tr>
<tr><td>০৪</td><td>সঞ্চয় আদায়</td><td>৪.৭২</td><td>০.১৫</td><td>২.৯৮</td><td>৩৫.৩০</td></tr>
<tr><td>০৫</td><td>ঋণ বিতরণ</td><td>১১৮.০০</td><td>--</td><td>২৬.৭৯</td><td>৮১০.৩৫</td></tr>
<tr><td>০৬</td><td>ঋণ আদায়</td><td>১১৮.৫২</td><td>১.৫৮</td><td>২৮.০৫</td><td>৬৫৭.৮৫</td></tr>
<tr><td>০৭</td><td>প্রশিক্ষণ প্রদান</td><td>১৪০জন</td><td>--</td><td>১১০জন</td><td>১০৩০জন</td></tr>
<tr><td>০৮</td><td>বর্ষিক সভা সম্পাদন</td><td>৮৫টি</td><td>০২টি</td><td>৪৩টি</td><td>--</td></tr>
<tr><td>০৯</td><td>নির্বাচন সম্পাদন</td><td>২০টি</td><td>০২টি</td><td>১৩টি</td><td>--</td></tr>
<tr><td>১০</td><td>অডিট সম্পাদন</td><td>৮৫টি</td><td>০৩টি</td><td>৩০টি</td><td>--</td></tr>
<tr><td>১১</td><td>প্রদর্শনী খামার</td><td>১২টি</td><td>--</td><td>১২টি</td><td>১৮টি</td></tr>
<tr><td>১২</td><td>বীজ ও চারা বিতরণ</td><td>৪০-২৭০</td><td>--</td><td>৪০টি</td><td>১৪০টি</td></tr>
<tr><td>১৩</td><td>খানা জরিপ</td><td>২০০টি</td><td>--</td><td>৫৮০টি</td><td>১০৩৬টি</td></tr>
</table></td><td>দাপ্তরিক কার্যক্রমের গতি বাড়ানোর লক্ষ্যে সংশ্লিষ্টদের প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা</td></tr>
<tr><td>১১</td><td><u>উপজেলা সমবায় অফিস :</u><br>উপজেলা সমবায় অফিসার, কুতুবদিয়ার প্রতিনিধি সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক গতিতে চলমান রয়েছে মর্মে জানান।</td><td>বিভাগীয় কার্যক্রম সম্পর্কে কার্যবিবরণী সভায় অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়</td><td>উপজেলা সমবায় অফিসার, কুতুবদিয়া</td></tr>
<tr><td>১২</td><td><u>উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:</u><br>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় অংশ নিয়ে জানান যে, মাল্টি সেক্টর প্রকল্পের আওতায় গ্রামীন পাইপড ওয়াটার সাপ্লাই এর ০২টি পরীক্ষা মূলক গভীর নলকূপ স্থাপনের কাজ ইতোমধ্যে শেষ হয়েছে এবং পরীক্ষামূলক নলকূপ স্থাপনের কাজ চলমান রয়েছে।</td><td>চলমান প্রকল্পসমূহের কাজ দ্রুত বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়</td><td>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)</td></tr>
</table>

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১৩ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস:**<br>অনুপস্থিত থাকায় দাপ্তরিক অগ্রগতি বিষয়ে কোন বিষয় জানা যায় নি | সভায় নিয়মিত উপস্থিত থেকে দাপ্তরিক কার্যক্রম সভায় উপিস্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১৪ | **রেঞ্জ অফিস:**<br>রেঞ্জ কর্মকর্তা সভায় অংশ নিয়ে গত সভায় উপস্থাপিত কুতুবদিয়া উপজেলাকে বিদ্যুতায়নের লক্ষ্যে বৃক্ষ কর্তন কর্মসূচী অব্যাহত রয়েছে। তবে সেক্ষেত্রে কর্তনযোগ্য বৃক্ষ কর্তন এবং ছাটাইযোগ্য বৃক্ষ ছাটাই করার বিষয়ে সংশ্লিষ্টদের দিকনির্দেশনা প্রদান করা হয়েছে। এ বিষয়ে মনিটরিং অব্যাহত আছে মর্মে সভাকে অবহিত করেন। এছাড়া তাঁর দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতে অব্যাহত আছে মর্মে সভাকে জানান। | কর্তনযোগ্য বৃক্ষ কর্তন এবং ছাটাইযোগ্য বৃক্ষ ছাটাই করার বিষয়ে সংশ্লিষ্টদের দিক নির্দেশনা প্রদান এবং বিদ্যুতায়নে প্রয়োজনীয় সহায়তা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় | রেঞ্জ কর্মকর্তা এবং বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিউবো) |
| ১৫ | **উপজেলা মহিলা বিষয়ক অফিস:**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি সভাকে জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বভাবিকভাবে অব্যাহত আছে। | দাপ্তরিক কার্যক্রম বিষয়ে কার্যবিবরণী আকারে সভায় উপস্থাপনের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৬ | **উপজেলা যুব উন্নয়ন অফিস:**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, তাঁর দপ্তরের কার্যক্রম যথাযথভাবে চলমান রয়েছে। | দাপ্তরিক কার্যক্রম এবং ঋণের কিস্তি আদায়ের প্রতিবেদন প্রত্যেক মাসিক সভায় দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৭ | **উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিস:**<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বতাবিক গতিতে চলমান রয়েছে | খাদ্য গুদামের জমাকৃত খাদ্য শষ্য বিষয়ে সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১৮ | **বিদ্যুৎ উন্নয়ন বোর্ড :**<br>আবাসিক প্রকৌশলী (বিউবো), কুতুবদিয়া বনবিভাগের কর্তৃক গাছ কর্তন ধীরগতি হওয়ায় বিদ্যুতায়ন কার্যক্রম ব্যাহত হচ্ছে মর্মে সভাকে অবহিত করেন | বিদ্যুতায়নের কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে গাছ কর্তন এবং ছাটাই কার্যক্রম দ্রুত বাস্তবায়নের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | বনবিভাগ এবং আবাসিক প্রকৌশলী (বিউবো), কুতুবদিয়া |
| ১৯ | **বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (বাপাউবো) :**<br>উপ-বিভাগীয় প্রকৌশলী,(বাপাউবো) কুতুবদিয়া আলীআকবর ডেইল, উত্তর ধুরুং ও লেমশীখালী ইউনিয়নের বেড়িবাঁধ মেরামতের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করেন। | সকল বেড়িবাঁধ বর্ষা মৌসুম শুরু হওয়ার পূর্বে মেরামতের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয় | উপ-বিভাগীয় প্রকৌশলী,(বাপাউবো) কুতুবদিয়া |
| ২০ | **পল্লী সঞ্চয় ব্যাংক:**<br>ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় অংশ নিয়ে জানান, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তিনি আরো জানান, বর্তমান মাস পর্যন্ত ৪৬লক্ষ ৪৫ হাজার টাকা আদায় এবং ৫২লক্ষ ৭৮ হাজার টাকার বিতরণ করা হয়েছে। | ঋণ বিতরণ এবং আদায়ের ধারা আব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২১ | **তথ্য আপা প্রকল্প:**<br>তথ্য আপা কর্মকর্তা জানান, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলমান আছে। এছাড়াও প্রধান কার্যালয়ের নির্দেশনা মোতাবেক নিয়মিত উঠোন বৈঠক চলমান আছে। তিনি আরো জানান, স্বাধীনতার সুবর্ন জয়ন্তী উপলক্ষ্যে গরীব অসহায় বীর মুক্তিযোদ্ধাদের সমন্বয়ে উঠোন বৈঠক অনুষ্ঠানের বিষয়ে সভাকে অবহিত করেন। | দাপ্তরিক কার্যক্রম এবং উঠোন নিয়মিত করণসহ বীর মুক্তিযোদ্ধাদের সমন্বয়ে উঠোন বৈঠক করার বিষয়ে সংশ্লিষ্টদের সাথে পরামর্শক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ২২ | **পল্লী জীবিকায়ন প্রকল্প (পজীপ):**<br>উপজেলা পজীপ কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে। তাঁর দপ্তরের অধীনে ৯৪টি সমিতির মোট সদস্য সংখ্যা-৩০৮৯জন। মোট সঞ্চয় আদায় ১০.৫৪লক্ষ মোট শেয়ার আদায় ৪.৭৯লক্ষ এবং ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ১০১৯.০৬ লক্ষ ঋণ আদায় ৯৩১.৬৬লক্ষ বর্তমান ঋণ স্থিতি ৮৭.৪০লক্ষ টাকা মর্মে সভাকে অবহিত | শেয়ার, সঞ্চয়, ঋণ বিতরণ এবং আদায় সংক্রান্ত তথ্য প্রতিটি মাসিক সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা পজীপ কর্মকর্তা |
| ২৩ | **উপজেলা আনসার ও ভিডিপি অফিস:**<br>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভাকে জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বভাবিক গতিতে চলমান আছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনার লক্ষ্যে সংশ্লিষ্টদের দিকনির্দেশনা দেয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | আনসার ও ভিডিপি কর্মকর্তা |
| ২৪ | **উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প:**<br>ইউডিএফ জামাল সভায় অংশ নিয়ে জানান যে, ২য় পর্যায়ে নির্মনাধীন অবকাঠামোর কাজ ইতোমধ্যে শেষ হয়েছে। ৪র্থ ও ৫ম পর্যায়সহ অন্যান্য উন্নয়ন প্রকল্পের কাজ যথানিয়মে চলমান আছে। এছাড়াও গঠিত ১৭টি কমিটির কার্যক্রম সূচারুভাবে বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট কমিটির সকল | চলমান প্রকল্পের কাজ শতভাগ বাস্তবায়ন এবং গঠিত কমিটির সভা নিয়মিতকরতঃ কার্যবিবরণী প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয় | সংশ্লিষ্ট ঠিকাদার এবং এউডিএফ জামাল |

CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| | সদ্যদের সভাপতির মাধ্যমে অনুরোধ জানান। | | |
| ২৫ | **<u>ক) উপজেলা পরিষদ:</u>**<br>উপজেলা পরিষদের গঠিত ১৭টি কমিটির কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিস্তারিত আলোচনান্তে গঠিত ১৭টি কমিটির কার্যক্রম সুচারুভাবে সম্পাদন করার লক্ষ্যে ১৭টি কমিটির সকল সদস্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন | সংশ্লিষ্ট সকল কমিটির সদস্য |
| | খ) বাসা বরাদ্দ/বাসা ভাড়া আদায়<br>উপজেলা পরিষদের নিয়ন্ত্রনাধীন আবাসিক কোয়ার্টার ও ডরমেটরী ভবনের ভাড়া নিয়মিত আদায় এবং বরাদ্দছাড়া কর্মকর্তা/কর্মচারীদের নামে বরাদ্দ প্রদানসহ বকেয়া ভাড়া আদায়ের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় | আবাসিক কোয়ার্টার ও ডরমেটরী ভবনের ভাড়া নিয়মিত আদায় এবং বরাদ্দছাড়া কর্মকর্তা/কর্মচারীদের নামে বরাদ্দ প্রদানসহ বকেয়া ভাড়া আদায়ের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| ২৬ | **<u>উন্মুক্ত আলোচনা:</u>**<br>১) জনাব আব্দুল হালিম, চেয়ারম্যান উত্তর ধুরুং ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, তাঁর ইউনিয়ন পরিষদের পুকুরের চতুপার্শে এবং মাঠসহ পরিষদের চুতপার্শের মাটি ভরাট ও ইউনিয়ন পরিষদ রংকরণ এবং সংস্কার বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। তিনি পেয়ারা কাটা হতে মিয়ারঘোনা পাড়া পর্যন্ত এবং আজম সড়ক হতে ধুরুং বাজার পর্যন্ত রাস্তা উন্নয়ন কাজের বিষয়ে বিস্তিারিত আলোচনা করেন। | ১-ক) ইউনিয়ন পরিষদের পুকুরের চতুপার্শে এবং মাঠসহ পরিষদের চুতপার্শের মাটি ভরাট ও ইউনিয়ন পরিষদ রংকরণ এবং সংস্কার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়<br>১-খ) পেয়ারা কাটা হতে মিয়ারঘোনা পাড়া পর্যন্ত এবং আজম সড়ক হতে ধুরুং বাজার পর্যন্ত রাস্তা সংস্কার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয় | ১-ক) সংশ্লিষ্ট স্ব স্ব দপ্তর<br>১-খ) উপজেলা প্রকৌশলী, |
| | ২) জনাব আলাউদ্দিন আল আযাদ, চেয়ারম্যান, দক্ষিণ ধুরুং ইউপি সভায় অংশ নিয়ে জানান যে, তাঁর পরিষদের চৌকিদার সংকটের কারণে দাপ্তরিক কার্যক্রম ব্যাহত হচ্ছে। তাই তিনি চৌকিদার নিয়োগের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষরে সভায় বিস্তারিত আলোচনা করেন। তাঁর ইউনিয়নের কার্যক্রমে ৫লক্ষ ৪৩হাজার টাকা ট্যাক্স আদায় হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | ২-ক) চৌকিদার সংকট নিরসনে চৌকিদার চাহিদা উপজেলা নির্বাহী অফিসে প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২-খ) ট্যাক্স আদায়ের ধারা অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ২ এর ক-খ) চেয়ারম্যান দক্ষিণ ধুরুং ইউপি |
| | ৩) জনাব আক্তার হোছাইন চেয়ারম্যান, লেমশীখালী সভায় অংশ নিয়ে জানান যে, আসন্ন বর্ষা মৌসুমের পূর্বে বেড়িবাঁধ মেরামত করা না হলে অতি বৃষ্টি এবং সাগরের জোয়ারের কারনে এলাকার বিভিন্ন অংশ প্লাবিত হওয়ার আশংকা রয়েছে। তাই তিনি দ্রুত মেরামতের বিষয়ে সভাপতির মাধ্যমে পানি উন্নয়ন বোর্ডের দৃষ্টি আকর্ষণ করেন। | ৩) আসন্ন বর্ষা মৌসুমের পূর্বে বেড়িবাঁধ মেরামতের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ৩) উপ-বিভাগীয় পানি উন্নয়ন বোর্ড |
| | ৪) জনাব মোঃ আজমগীর মাতবর, চেয়ারম্যান কৈয়ারবিল ইউপি সভায় অংশ নিয়ে জানান যে, তাঁর ইউনিয়নের বড়ঘোপ হতে কৈয়ারবিল সুপেয় পানি সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। এছাড়া চলমান বেড়িবাঁধের কাজ আসন্ন বর্ষা মৌসুমের পূর্বে শেষ করার বিষয়ে সভাপতির মাধ্যমে পানি উন্নয়ন বোর্ডের দৃষ্টি আকর্ষণ করেন। ঘিলাছড়ি রাস্তা এবং আজম সড়ক হতে একাডেমি মাদ্রাসা পর্যন্ত সড়ক ও নুরানীয় বালিকা মাদ্রাসা সড়ক মেরামতের বিষয়ে উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষন করেন। | ৪-ক) বড়ঘোপ হতে কৈয়ারবিল সুপেয় পানি সরবরাহের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে ব্যবস্থা গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়<br>৪-খ) বর্ষা মৌসুমের পূর্বে বেড়িবাঁধ মেরামত করার সিদ্ধান্ত গৃহীত হয় | ৪-ক) উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)<br>৪-খ) উপ-বিভাগীয় পানি উন্নয়ন বোর্ড |
| | ৫) জনাব আবুল কালাম, চেয়ারম্যান বড়ঘোপ ইউপি জানান যে, উত্তর বড়ঘোপ বেড়িবাঁধ সংস্কারের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় বিস্তারিত আলোচনা করেন। তিনি অমজাখালী সড়ক হতে অমজাখালী সরকারী প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত রাস্তা সংস্কারের বিষয়ে সভাপতির মাধ্যমে উপজেলা সভাপতির মাধ্যমে উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকরৃষণ করেন। উত্তর বড়ঘোপ হতে স্লুইচ গেইট পর্যন্ত বেড়িবাঁধ সংস্কারের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করেন।<br>পাশপাশি ইউনিয়ন পরিষদের সাইক্লোন শেল্টারসমূহ সংস্কারের বিষয়ে উপস্থিত সকল চেয়ারম্যান একমত পোষন করেন এবং এ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। | ৫-ক) উত্তর বড়ঘোপ বেড়িবাঁধ সংস্কারের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়<br>৫-খ) অমজাখালী সড়ক হতে অমজাখালী সরকারী প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত রাস্তা সংস্কারের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় | ৫-ক ) উপ-বিভাগীয় পানি উন্নয়ন বোর্ড<br>৫-খ) উপজেলা প্রকৌশলী |
| | ৬) মহিলা ভাইস চেয়াম্যোন উপজেলা পরিষদ সভায় জানান উত্তর ধুরুং কায়ছারপাড়া বেড়িবাঁধ সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় বিস্তারিত আলোচনা করেন। | ৬) উত্তর ধুরুং কায়ছারপাড়া বেড়িবাঁধ সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় | ৬) উপ-বিভাগীয় পানি উন্নয়ন বোর্ড |
| | ৭) উপজেলা নির্বাহী অফিসার ও মুখ্য নির্বাহী কর্মকর্তা, সভায় আলোচিত বিষয়ে গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তাবায়ন করে প্রতিবেদন দাখিলের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | ৭) গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তাবায়ন করে প্রতিবেদন দাখিলের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় | ৭) সংশ্লিষ্ট সকল |
| ২৭ | উপজেলা নির্বাহী অফিসার জানান, কুতুবদিয়া উপজেলা একটি দ্বীপ উপজেলা হওয়ায় লোডিং আনলোডিং এর ব্যয় এবং মালামালের মুল্য বৃদ্ধি পাওয়ায় গৃহ নির্মান এবং জনস্বাস্থ্য অধিদপ্তর ও প্রকৌশলী অফিস | ১) কারিগরি মাতমত দাখিলের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয় | ১) উপজেলা প্রকৌশলী, উপ-সহকারী প্রকৌশলী |

CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| | কুতুবদিয়া এর মাধ্যমে গৃহীত বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের ব্যয় অন্যান্য উপজেলার তুলনায় বেশী হয়। তাই তিনি এ বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের সুবিধার্থে কারিগরি মতামত দাখিলের নিমিত্ত সভায় বিস্তারিত আলোচনা করেন।<br>এছাড়া তিনি সকল দপ্তরের কার্যক্রম মাসিক সভায় তুলে ধরাসহ সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাদের আবশ্যিকভাবে উপস্থিত থাকার জন্য সভায় অনুরোধ জানান। এছাড়াও কোন কর্মকর্তা, ছুটিতে বা কর্মস্থল ত্যাগ করলে তা পরিষদকে অবহিত করার বিষয়ে সকল কর্মকর্তাদের অনুরোধ জানানো হয়। এ বিষয়ে উপস্থিত সকলে একমোত পোষন করেন।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি উপজেলা সমন্বয় কমিটি সভায় জানান প্রতি মাসে অনুষ্ঠিত সমন্বয় সভায় সকল দপ্তর প্রধানদের উপিস্থিতি বাধ্যতামূলক। এক্ষেত্রে দপ্তরের কোন প্রতিনিধি প্রেরণ না করার বিষয়ে সকল দপ্তর প্রধানদের অনুরোধ জানান। প্রতিমাসের সমন্বয় সভায় কোন দপ্তর প্রধান অনুপস্থিত থাকলে তাঁদের উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়া দপ্তরভিত্তিক উন্নয়ন এবং চলমান কর্মকান্ড বিষয়ে পত্র আকারে প্রস্তুত করতঃ প্রত্যেক সভায় উপস্থাপনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করেন। অন্যথায় দপ্তরের উন্নয়ন কর্মকান্ড এবং চলমান কার্যক্রম সংক্রান্ত কোন বিষয়ে কার্যবিবরণীতে উল্লেখ করা হবে মর্মে সকল দপ্তর প্রধানদের অবহিত করেন। এর দায় দায়িত্ব স্ব স্ব দপ্তর প্রধানকে বহন করতে হবে মর্মে সভায় সংশ্লিষ্টদের অবহিত করেন। | ২) প্রত্যেক মাসের মাসিক সভায় নিয়মিত উপস্থিতিসহ দপ্তর ভিত্তিক উন্নয়ন কর্মকান্ডের প্রতিবেদন প্রতিমাসের মাসিক সভা অনুষ্ঠানের ২দিন পুর্বে দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়<br>৩) প্রত্যেক সভায় নিয়মিত উপস্থিতিসহ দপ্তরভিত্তিক উন্নয়ন এবং চলমান কর্মকান্ড বিষয়ে পত্র আকারে সভায় উপস্থাপনপূর্বক আলোচনা করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় | (জনস্বাস্থ্য) এবং উপজেলা প্রকল্প বাস্তবায়ন, কর্মকর্তা<br>২) সংশ্লিষ্ট সকল দপ্তর<br>৩) সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানগণ |

সভায় আরো কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষনা করেন

( মোঃ ফরিদুল ইসলাম চৌধুরী )
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
কুতুবদিয়া, কক্সবাজার

স্মারক নং:৪৬.৪২.২২৪৫.০০০.০৬.০০১.২০২২-১৫

তারিখ:-২৮/০৪/২০২২খ্রি:।

**অনুলিপি : সদয় অবগতির জন্য:**

০১। মাননীয় সংসদ সদস্য-২৯৫, কক্সবাজার-২, সংসদীয় আসন, কক্সাবাজার
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
০৪। জেলা প্রশাসক, কক্সবাজার

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

০১। জনাব মোঃ ফরিদুল ইসলাম চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুতুবদিয়া, কক্সবাজার
০২। সহকারী কমিশনার (ভূমি), কুতুবদিয়া, কক্সবাজার
০৩। জনাব হুমায়ুন কবির হায়দার, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুতুবদিয়া
০৪। জনাবা হাছিনা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুতুবদিয়া
০৫। চেয়ারম্যান.......................(সকল), ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া, কক্সবাজার
০৬। উপজেলা ...................................কর্মকর্তা, কুতুবদিয়া, কক্সবাজার
০৭। সংরক্ষিত মহিলা সদস্য, আসন-১/আসন-২, উপজেলা পরিষদ, কুতুবদিয়া, কক্সবাজার
০৮। জনাব...................................কুতুবদিয়া, কক্সবাজার
০৯। অফিস কপি।

(মোঃ নুরের জামান চৌধুরী)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ

CS CamScanner

সভার তারিখঃ ২৭/০১/২০২২; ২৮/০২/২০২২; ২৮/০৩/২০২২; ২৮/০৪/২০২২; ২৯/০৫/২০২২; ২৮/০৬/২০২২; ৩১/০৭/২০২২; ৩১/০৮/২০২২; ২৯/০৯/২০২২

মাসিক সভার হাজিরা রেজিষ্টার

| ক্রম | নাম ও পদবী | স্বাঃ তারিখ 27/01/22 | স্বাঃ তারিখ 28/02/22 | স্বাঃ তারিখ 28/03/22 | স্বাঃ তারিখ 28/04/22 | স্বাঃ তারিখ 29/05/22 | স্বাঃ তারিখ 28/06/22 | স্বাঃ তারিখ 31/07/22 | স্বাঃ তারিখ 31/08/22 | স্বাঃ তারিখ 29/09/22 |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১. | উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুতুবদিয়া | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | X | [signature] | [signature] | [signature] |
| ০২ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুতুবদিয়া | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৩. | চেয়ারম্যান, উত্তর ধুরুং ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৪. | চেয়ারম্যান, দক্ষিণ ধুরুং ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৫. | চেয়ারম্যান, লেমশীখালী ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৬ | চেয়ারম্যান, কৈয়ারবিল ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৭. | চেয়ারম্যান, বড়ঘোপ ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৮. | চেয়ারম্যান, আলী আকবর ডেইল ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |

মাসিক সভার হাজিরা রেজিষ্টার

| ক্রম | নাম ও পদবী | স্বাঃ তারিখ 27/01/22 | স্বাঃ তারিখ 28/02/22 | স্বাঃ তারিখ 28/03/22 | স্বাঃ তারিখ 28/04/22 | স্বাঃ তারিখ 29/05/22 | স্বাঃ তারিখ 28/06/22 | স্বাঃ তারিখ 31/07/22 | স্বাঃ তারিখ 31/08/22 | স্বাঃ তারিখ 29/09/22 |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, কুতুবদিয়া | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০২. | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, কুতুবদিয়া। | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৩. | উপজেলা কৃষি কর্মকর্তা, কুতুবদিয়া। | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৪. | উপজেলা মৎস্য কর্মকর্তা, কুতুবদিয়া | [signature] | [signature] | [signature] | X | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৫. | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কুতুবদিয়া। | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৬. | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কুতুবদিয়া। | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৭. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কুতুবদিয়া। | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৮. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কুতুবদিয়া। | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৯. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কুতুবদিয়া। | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ১০. | উপজেলা শিক্ষা কর্মকর্তা, কুতুবদিয়া। | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |

সভার তারিখঃ ২৭/০১/২০২২; ২৮/০২/২০২২; ২৮/০৩/২০২২; ২৮/০৪/২০২২; ২৯/০৫/২০২২;
২৮/০৬/২০২২; ৩১/০৭/২০২২; ৩১/০৮/২০২২; ২৯/০৯/২০২২





